



নম্বর: ০৮.০১.০০০০.০১৮.০০৯.২৬.০০০৯.২৬.২৫৭

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের পুনঃদরপত্র বিজ্ঞপ্তি

বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা-এর অকেজো ২ (দুই) টি মাইক্রোবাস নিলামে বিক্রয়ের নিমিত্তে (যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নিয়ে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত আবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

গাড়ির ধরন ও বিস্তারিত বিবরণ	যে স্থানে আছে	শিডিউল মূল্য
ঢাকা মেট্রো-চ-৫৩-৯০১২, রেজিঃ সন: মে ২০১৪, ১৯৯৭ সিসি মিৎসুবিশি, মাইক্রোবাস তৈরি সন-২০১৩।	বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, রাজস্ব ভবন (৯ম ও ১০ম তলা) প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭	শিডিউল মূল্য বাবদ ১০০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) অত্র দপ্তরের অর্থনৈতিক কোড নং-১১১০-২০৪১০-২০২৫ এর টেন্ডার দলিল ফি-১৪২২৩২৮ তে এ চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের কপি দাখিল করে নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে শিডিউল ক্রয় করা যাবে।
ঢাকা মেট্রো-চ-৫৩-৯০১৩, রেজিঃ সন: মে ২০১৪, ১৯৯৭ সিসি মিৎসুবিশি, মাইক্রোবাস তৈরি সন-২০১৩।		

শর্তাবলি:

- ১। দরদাতার যোগ্যতা : দরপত্র তফশিল/শিডিউলে বর্ণিত শর্তাদি পরিপালন।
- ২। দরপত্র শিডিউল প্রাপ্তির স্থান : বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা দপ্তর সাধারণ শাখা।
- ৩। দরপত্র শিডিউল বিক্রির তারিখ : ১৩/১০/২০২৬ খ্রিঃ সকাল ১০ ঘটিকা হতে ২৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
- ৪। দরপত্র দাখিলের তারিখ ও সময় : ২৬/১০/২০২৬ খ্রিঃ তারিখ, সকাল ১১:০০ হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত।
- ৫। দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : ২৬/১০/২০২৬ খ্রিঃ তারিখ, দুপুর ০২:৩০ ঘটিকা পর্যন্ত
সভাকক্ষ, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর,
রাজস্ব ভবন (৯ম ও ১০ম তলা)
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

৬। আগ্রহী দরদাতাগণ প্রয়োজনে ১৩/১০/২০২৬ হতে ২৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অকেজো গাড়িগুলো পরিদর্শন করতে পারবেন। উপরি-উক্ত গাড়ি সমূহ সম্পর্কে বিস্তারিত জানার জন্য এ দপ্তরের যানবাহন কর্মকর্তা (মোবাইল নম্বর: ০১৬৭০-৫৯২২৬৬) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৭। প্রত্যেক দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ) জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে কমিশনার বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা-এর অনুকূলে জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতাদের জামানত যথাসময় ফেরত দেয়া হবে। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মনোনীত দরদাতাকে ১৫ (পনেরো) দিনের মধ্যে দরপত্রের সম্পূর্ণ টাকা পরিশোধ করতঃ গাড়ির ডেলিভারি গ্রহণ করতে হবে। অন্যথায় আর্নেস্টম্যানির টাকা বাজেয়াপ্ত করা হবে। সকল দরদাতাকে উদ্ধৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক আয়কর, ভাট বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালান কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা-এর অনুকূলে প্রদান করতে হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১-১০-২০২৬
মোঃ ওয়াহিদুল হক সিউল
সহকারী কমিশনার

ফোন : ০২-২২২২১৭৬৯৮

ইমেইল : ac2.ltuvat@nbr.gov.bd

নম্বর: ০৮.০১.০০০০.০১৮.০০৯.২৬.০০০৯.২৬.২৫৭/১(৩)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সহকারী প্রোগ্রামার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা (বিজ্ঞপ্তিটি এ দপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অফিস কপি।



১১-১০-২০২৬
মোঃ ওয়াহিদুল হক সিউল
সহকারী কমিশনার